

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৩৬৯

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৩) পাঁচ ওয়াক্ত নামায আদায় করা উহার প্রতি যতুবান হওয়া এবং উহা ওয়াজেব হওয়ার ব্যাপারে ঈমান রাখার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في الصلوات الخمس والمحافظة عليها والإيمان بوجوبها

আরবী

(حسن) و عَنْ أبِيْ الدَّرْداءِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَمْسٌ مَنْ جَاءَ بِهِنَّ مَعَ إِيمَانٍ دَخَلَ الْجَنَّةَ مَنْ حَافَظَ عَلَى الصَّلَوَاتِ الْخَمْسِ عَلَى خَمْسٌ مَنْ جَاءَ بِهِنَّ وَسُجُودِهِنَّ وَمَوَاقِيتِهِنَّ وَصَامَ رَمَضَانَ وَحَجَّ الْبَيْتَ إِنْ اسْتَطَاعَ وُضُوبِهِنَّ وَرُكُوعِهِنَّ وَسُجُودِهِنَّ وَمَوَاقِيتِهِنَّ وَصَامَ رَمَضَانَ وَحَجَّ الْبَيْتَ إِنْ اسْتَطَاعَ إِلَيْهِ سَبِيلًا وَآتى الزَّكَاةَ طَيِّبَةً بِهَا نَفْسُهُ وَأُدَّى الْأَمَانَةَ قيل يا رسول الله وَمَا أَدَاءُ الْأَمَانَةِ قَالَ الْغُسْلُ مِنْ الْجَنَابَةِ إِن الله لم يأمن ابن آدم على شيء من دينه غيرها (رواه الطبراني بإسناد جيد)

বাংলা

৩৬৯. (হাসান) আবু দারদা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ

''যে ব্যক্তি ৫টি জিনিস ঈমানের সাথে বাস্তবায়ন করবে সে জান্নাতে প্রবেশ করবে: (১) যে ব্যক্তি পাঁচ ওয়াক্ত নামাযের হেফাযত করবে অর্থাৎ সঠিকভাবে ওযু করবে, ভালভাবে রুকৃ' ও সেজদা করবে এবং সঠিক সময়ে তা আদায় করবে, (২) রামাযান মাসে ছিয়াম পালন করবে (৩) সাধ্য থাকলে আল্লাহর ঘরের হজ্জ করবে (৪) খুশি মনে যাকাত আদায় করবে এবং (৫) আমানত আদায় করবে।

তাঁকে প্রশ্ন করা হল, হে আল্লাহর রসূল! আমানত আদায় করার অর্থ কি? তিনি বললেন, ''জানাবাত তথা নাপাকী থেকে গোসল করা। কেননা আল্লাহ তা'আলা জানাবাতের গোসলের চাইতে কোন বস্তু আদম সন্তানের ধর্মের মধ্যে আমানত স্বরূপ রাখেন নি।''

(উত্তম সনদে ত্বাবরানী ২/৫৬ হাদীছটি বর্ণনা করেছেন)



হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবুদ দারদা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন